# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২২০. মজলুমের দোয়া বা অত্যাচারিতের প্রার্থনা

ইব্রাহীম তামীমী একবার বলেছেন– “যখন কেউ আমার সাথে অন্যায় করে, তখন আমি কোন করুণাময় কাজের মাধ্যমে তার প্রতিদান দিই।”

খোরাসানের এক ধার্মিক লোকের কিছু টাকা চুরি হয়ে গেলে সে কাঁদতে লাগল। ফুযাইল তাকে এ অবস্থায় দেখে জিজ্ঞেস করল, “কাঁদছেন কেন? সে উত্তর দিল, “আমার মনে পড়ছে যে, কেয়ামতের দিন আল্লাহ আমাকে ও চোরকে একত্রিত করবেন এবং তার জন্য আমার মায়া হচ্ছে তাই আমি কাদছি।”

এক লোক ইসলামের প্রাথমিক যুগের এক আলেমের গীবত করে। বদলে আলেম লোকটি তাকে খেজুর উপহার দিলেন এবং (কারো প্রশ্নের উত্তরে) বললেন, “তাকে খেজুর উপহার দেয়ার কারণ হলো- সে আমার উপকার করেছে” (গীবত করার কারণে গীবতকারীকে কেয়ামতের দিন আলেম লোকটিকে কিছু সওয়াব দিতে হবে বা আলেম লোকটির কিছু পাপ গীবতকারীকে নিতে হবে। এভাবে গীবত করে গীবতকারী আলেম লোকটির উপকার করেছে)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7728

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন